

আপনার শিশুর নিবন্ধীকরণ করতে ভুলবেন না!

এটি অনলাইন-এ
বিনাব্যয়ে করা
যায়!



আপনার শিশুর
নিবন্ধীকরণ করুন
এখানে:


[www.cbs.sa.gov.au/
births-deaths-
marriages](http://www.cbs.sa.gov.au/births-deaths-marriages)



এটা সত্যিই গুরুত্বপূর্ণ!


**হাসপাতাল এই কাজটি আপনার
জন্য করে দেবে না!**

জন্মের 60 দিনের মধ্যে আপনি অবশ্যই আপনার শিশুর নিবন্ধীকরণ করবেন। যদি শিশুর নিবন্ধীকরণ না করেন, তাহলে Centrelink এর নির্দিষ্ট কিছু সুযোগ-সুবিধার জন্য আবেদন করতে সমর্থ নাও হতে পারেন। এছাড়াও, যদি আপনার শিশুর নিবন্ধীকরণ না হয়, তাহলে আপনি তাদের জন্ম শংসাপত্র পেতে সক্ষম হবেন না।



Government of South Australia
Attorney-General's Department

অনলাইন-এ আপনার শিশুর নিবন্ধীকরণ কীভাবে করবেন তা এখানে দেওয়া হল



1

নিশ্চিত হয়ে নিন যাতে পিতা-মাতা উভয়েরই একটি মোবাইল ফোন থাকে যা SMS বার্তা গ্রহণ করতে পারে।

যদি পিতা-মাতা কারও কাছেই মোবাইল ফোন না থাকে, তাহলেও আপনি অনলাইন-এ শিশুর নিবন্ধীকরণ করতে পারবেন। নিবন্ধীকরণ প্রক্রিয়ার শেষে আপনাকে একটি ই-মেইল করা হবে যা অবশ্যই মুদ্রিত এবং উভয় পিতা-মাতার দ্বারা স্বাক্ষরিত হতে হবে।



2

পিতা-মাতা উভয়ের শনাক্তকরণ নথিপত্র তৈরি করুন

অনলাইন-এ যাওয়ার আগে পিতা-মাতা উভয়ের একটি অস্ট্রেলিয়ান পাসপোর্ট, অস্ট্রেলিয়ান গাডি চালকের লাইসেন্স অথবা Centrelink এবং Medicare এর কার্ডের স্ক্যান করা চিত্র অথবা ফটো নেওয়ার প্রয়োজন হবে।

যদি আপনাদের প্রয়োজনীয় শনাক্তকরণ নথিপত্র না থাকে, তাহলেও আপনারা অনলাইন-এ শিশুর নিবন্ধীকরণ করতে পারবেন। তারপরে আপনাকে একটি PDF ই-মেইল করা হবে যা অবশ্যই মুদ্রিত এবং উভয় পিতা-মাতার দ্বারা স্বাক্ষরিত হতে হবে।

3

নিশ্চিত হোন যে আপনারা শিশুর নামের ব্যাপারে একমত

আপনাদের শিশুর নামের বিষয়ে একমত হওয়া গুরুত্বপূর্ণ। শিশুর নিবন্ধীকরণের পরে যদি মন পরিবর্তন করেন, তাহলে সেটি বিলম্বের কারণ হতে পারে।

4

নিশ্চিত হোন যে আপনার কাছে শিশু এবং পিতা-মাতা সম্পর্কিত তথ্য আছে

আপনি এই তথ্যের কতগুলি - যেমন জন্মের সময় শিশুর ওজন, ডাক্তার/ধাত্রী সম্পর্কিত বিস্তারিত তথ্য হাসপাতাল প্রদত্ত ব্লু বুক-এ পেতে পারেন।

5

www.cbs.sa.gov.au/births-deaths-marriages-এ গিয়ে জন্ম নিবন্ধীকরণ করুন

আপনাকে একবারে অনলাইন ফর্মটি পূরণ করতে হবে না। আপনি একবার অনলাইন ফর্মটি পূরণ করা শুরু করলে আপনাকে একটি রেফারেন্স নম্বর দেওয়া হবে। আপনি এই রেফারেন্স নম্বরটি ব্যবহার করে 48 ঘণ্টার মধ্যে যেখানে ফর্মটি ছেড়ে গেছেন, সেখান থেকে শুরু করতে পারবেন।

যদি আপনার ইন্টারনেট-এ প্রবেশাধিকার না থাকে, তাহলে 131 882 -তে ফোন করুন যাতে আমরা আপনাকে একটি কাগজের ফর্ম পাঠাতে পারি।



6

জন্ম শংসাপত্রের জন্য আদেশ করুন

অনলাইন-এ আপনার শিশুর নিবন্ধীকরণ করার সময়ই আপনি জন্ম শংসাপত্রের অর্ডার দিতে চাইতে পারেন। তবে জন্ম শংসাপত্রের অর্ডার দেওয়া বাধ্যতামূলক নয় এবং আপনি চাইলে এটি পরেও করতে পারেন। জন্ম শংসাপত্রের অর্ডার দেওয়ার জন্য আপনার ভিসা অথবা মাস্টারকার্ড এর প্রয়োজন হবে।

7

SMS বার্তার উত্তর দিন

পিতা-মাতা উভয়ের কাছেই একটি SMS বার্তা পাঠানো হবে। শিশুর নিবন্ধীকরণ হওয়ার আগে পিতা-মাতা উভয়কেই বার্তার উত্তর দিয়ে নিশ্চিত করতে হবে যে তাঁরা শিশুর পিতা-মাতা এবং তারপরে আপনারা একটি জন্ম শংসাপত্র পেতে পারেন।



Government of South Australia

Attorney-General's Department